

## পাবিপ্রবিতে নকলের সুযোগ না দেয়ায় গুলি: পরীক্ষা পণ্ড

### পাবনা প্রতিনিবি

রোববার বিকেলে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) লাইব্রেরি ভবনে ৩টি ইউনিটের তৃতীয় বর্ষের প্রথম সেমিস্টার পরীক্ষায় নকলের সুযোগ না দেয়ায় শিক্ষকদের সঙ্গে যাকবিতা ও কম্পিউটার ল্যাব জবুর করে ছাত্রলীগ নেতারা। এতে দুটি বিভাগের পরীক্ষা পণ্ড হয়ে যায়। পাবিপ্রবি সূত্রে জানা গেছে, রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই), ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিসি) এবং ফিজিক্স ইউনিটের তৃতীয় বর্ষের প্রথম সেমিস্টার পরীক্ষায় ৩৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। দুপুর ২টা ৩০ মিনিট থেকে বিকেল ৫টা ৩০ মিনিট পর্যন্ত এই পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের রাজাপুরস্থ টিটিসি

ভবন ও শহরের কাঁদাচানপাড়াস্থ লাইব্রেরি ভবনে অনুষ্ঠিত হয়। পাবিপ্রবির সহকারী অধ্যাপক রাহিদুল ইসলাম রাহী, আফম জয়নুল আবেদীন, রশেদুর হক ও সনীরাণ কুমার সাহা সাংবাদিকদের জানান, তারা চারজনই লাইব্রেরি ভবনের অনুষ্ঠিত দুটি পরীক্ষার কক্ষে পরিদর্শক হিসেবে দায়িত্বে ছিলেন। পরীক্ষা চলাকালে বেলা ২টা ৫৫ মিনিটের সময়ে ছাত্রলীগের নেতারা এসে পরীক্ষা হলে নকল করার সুযোগ চান। এ সময় শিক্ষকরা তাদের পরীক্ষা হলে নকল করতে নিষেধ করেন। এরই এক পর্যায়ে ছাত্রলীগ নেতারা পরীক্ষা হলের বাইরে গিয়ে ফাঁকা কয়েকটি গুলি ছোড়ে অতর্কিত সৃষ্টি করে বলে তাদের অভিযোগ। শিক্ষক রাহিদুর ইসলাম রাহী আরও বলেন, ছাত্রলীগের নেতাদের

অনৈতিক দুর্নীতি সমর্থন না করায় তারা লাইব্রেরি ভবনের কম্পিউটার ল্যাবে হামলা চাশিয়ে আক্রমণ করে। এ সময় শিক্ষকদের পরীক্ষার্থীরা আতঙ্কিত হয়ে বিধিবিধি ছোটোছুট করে। এরই এক পর্যায়ে ছাত্রলীগ নেতাদের চাপের মুখে লাইব্রেরি ভবনের দুইটি কক্ষের ৯১ পরীক্ষার্থীকে বের করে দেয়া হয়। ফলে এই ভবনের দুটি বিভাগের পরীক্ষা বন্ধ হয়ে যায়। অপরদিকে, টিটিসি ক্যাম্পাসে অনুষ্ঠিত পাবিপ্রবির ৫টি ইউনিটের পরীক্ষা চলাকালে এক ছাত্রের নকল করাকে কেন্দ্র

**কম্পিউটার ল্যাব  
ভাঙুর**

করে শিক্ষকদের সঙ্গে ছাত্রলীগ সমর্থিত শিক্ষার্থীদের সঙ্গে যাকবিতা হয়। এ ঘটনায় কিছু সময়ের জন্য দায়িত্বভরত শিক্ষকরা পরীক্ষা হলের দায়িত্ব থেকে বিরত থাকলেও প্রচুর কামরুজ্জামান তাদের চাপ সৃষ্টি করে পরীক্ষা হলের দায়িত্ব পালনে বাধ্য করেন। প্রচুর কামরুজ্জামানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, ওনেই লাইব্রেরি ভবনে নকল করাকে কেন্দ্র করে শিক্ষকদের সঙ্গে কতিপয় ছাত্রনেতার যাকবিতা হয়েছে। টিটিসি পরীক্ষা কেন্দ্রে কোনো সমস্যা হয়নি। পাবিপ্রবি শাখা ছাত্রলীগ আহ্বায়ক মিজানুর রহমান সবুজ বলেন, অনুষ্ঠিত পরীক্ষায় কিছু ছাত্রকে পরীক্ষা দিতে না দেয়ায় কর্তৃপক্ষের নিকট তাদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য দাবি করা হয়। কিন্তু কর্তৃপক্ষ সে দাবিকে ত্যাগ না করায় পরীক্ষা চলাকালে শিক্ষকদের সঙ্গে সামান্য তুল বোঝাবুঝি হয়েছে মাত্র এ ঘটনায় ছাত্ররা পরীক্ষা বাস দিয়ে উঠে আসে বলে দাবি করেন ছাত্রলীগ আহ্বায়ক মিজানুর রহমান সবুজ।